ঝিনাইদহে লকডাউনে কর্মহীন মানুষের মাঝে উপহার সামগ্রী বিতরণ

করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধের ঝিনাইদহে লকডাউনে কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার মানবিক সহায়তা খাদ্য সামগ্রী বিতরণ কর্মসূচি শুরু করলেন ঝিনাইদহ জেলা প্রশাসক।

আজ বৃহস্পতিবার সকালে প্রায় এক হাজার কর্মহীন নিম্ন আয়ের মানুষের হাতে ১০ কেজি করে চাল তুলে দিলেন জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। তাছাড়া প্রত্যেককে ২ শ করে টাকা প্রদান করলেন পৌরসভা মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।

সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, উপজেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট আব্দুর রশীদ, জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিক, সদর উপজেলা নির্বাহী অফিসার এসএম শাহীন, ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, জেলা ভোক্তা অধিকার অধিদপ্তরের উপপরিচালক সুচন্দন মন্ডলসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মেহেরপুরে নতুন চার জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও চার জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে দুই জন সদরের ও বাকি দুই জন গাংনী উপজেলার বাসিন্দা।

বুধবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ২১ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে চার জনের। আর নেগেটিভ আসে ১৭ জনের। নমুনা পাঠানো হয়েছে ১১ টি।

সূত্রে আরোও জানা যায়, সর্বমোট ফলাফল এসেছে ৬৪৬৯ টি, সর্বমোট

পজিটিভ ৮৯৬ জন, সুস্থ ৭৬৭ জন, মৃত্যু ১৮ জন ও ট্রান্সফার্ড করা হয়েছে ৬৪ জনকে।

বর্তমানে পজিটিভ সংখ্যা ৪৫ টি (সদরে ১৫, গাংনীতে ২১, মুজিবনগরে ০৯)। ১৪ মার্চ ২০২১ থেকে গতকাল পর্যন্ত আক্রান্তের সংখ্যা- ১২৬ জন।

ভিন্ন সূরে পাওয়া পজিটিভদের পরিচয়- মেহেরপুর শহরের ঘাট পাড়ার নয়ন (৩০), দিঘিরপাড়ার আবু বাক্কার (৫৬) ও গাংনী উপজেলার পূর্ব মালশাদহের জিয়াউর রহমান (৩৯),সুমন (৩২)।

নিম্ন আয়ের ৩৫ লাখ পরিবার পাবে আড়াই হাজার করে টাকা

লকডাউনের কারণে কর্মহীন অসহায়, খেটে খাওয়া মানুষ এবং ছিন্নমূল, ভাসমান মানুষদের সহায়তায় দলীয় নেতাকর্মী ও সমাজের সামর্থবানদের এগিয়ে আসার আহবান জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

তিনি বলেছেন, করোনা ভাইরাসের সংক্রমণ পরিস্থিতিতে নিম্ন আয়ের প্রায় ৩৫ লাখ পরিবারকে আড়াই হাজার টাকা করে আর্থিক সহায়তা দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বুধবার সকালে খুলনা সড়ক জোন বিআরটিসি, বিআরটিএ’র কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় এসব কথা বলেন ওবায়দুল কাদের।

তিনি তার সরকারি বাসভবন থেকে সভায় ভার্চুয়ালি যুক্ত হন।

এ সময়। দুর্যোগ, সংকটে লিপ সার্ভিস না দিয়ে বিএনপিকে জনমানুষের পাশে দাঁড়ানোর আহবান জানান তিনি।

ওবায়দুল কাদের আরও জানান, এছাড়াও সম্প্রতি প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এক লাখ কৃষক পরিবার পাবে ৫ হাজার টাকা করে। এ জন্য সরকারের ৯৩০ কোটি টাকা ব্যয় হবে।

যশোর- খুলনা মহাসড়কের নোয়াপাড়া থেকে যশোরের দিকে যেতে প্রায় ১০ কিলোমিটার সড়ক খুবই ক্ষতিগ্রস্ত, তাই জরুরি ভিত্তিতে মেরামতের কাজ দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছেন সড়ক পরিবহন মন্ত্রী।

খুলনা-মংলা সড়কটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাপবিদ্যুৎ কেন্দ্রসহ মংলা পোর্টের কারণে এ সড়কটি চার লেনে উন্নীত করা খুবই জরুরি বিধায় ওবায়দুল কাদের সংশ্লিষ্টদের দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন।

লকডাউনে ক্ষতিগ্রস্ত দরিদ্রদের জন্য প্রধানমন্ত্রীর অর্থ বরাদ্দ

করোনাভাইরাসের কারণে চলমান লকডাউনে ক্ষতিগ্রস্ত দরিদ্র, দুঃস্থ, ভাসমান এবং অসচ্ছল মানুষকে সহায়তার জন্য ১০ কোটি ৫০ লাখ টাকা বরাদ্দ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

জেলা প্রশাসনের মাধ্যমে এসব অর্থ সহায়তা দেয়া হবে বলে বুধবার প্রধানমন্ত্রীর প্রেস উইংয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

এতে বলা হয়, করোনাভাইরাসের কারণে চলমান লকডাউনে ক্ষতিগ্রস্ত দরিদ্র, দুস্থ, ভাসমান এবং অসচ্ছল মানুষকে সহায়তার লক্ষ্যে জেলা প্রশাসকগণের অনুকূলে ১০ কোটি ৫০ লাখ টাকা বরাদ্দ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

করোনা কেড়ে নিল কবি শঙ্খ ঘোষকে

ভারতে মহামারি করোনার দ্বিতীয় ঢেউ কেড়ে নিয়েছে প্রখ্যাত কবি শঙ্খ ঘোষকে। বুধবার ৮৯ বছর বয়সে তিনি পরলোকগমন করেন।

গায়ে জ্বর থাকায় গত সপ্তাহে করোনা পরীক্ষা করানো হয়েছিল তার। ১৪ এপ্রিল বিকেলে রিপোর্টে জানা যায় তিনি সংক্রমিত হয়েছেন।

এমনিতেই বার্ধক্যজনিত সমস্যায় ভুগছিলেন কবি, যা শারীরিক ভাবে দুর্বল করে দিয়েছিল তাকে। পরিস্থিতি এমন দাঁড়ায় যে গত জানুয়ারিতে হাসপাতালেও ভর্তি করতে হয় তাকে। পশ্চিমবঙ্গের আনন্দবাজারপত্রিকা এমন খবর দিয়েছে।

তাই করোনা সংক্রমণ ধরা পরার পর ঝুঁকি না নিয়ে বাড়িতেই নিভৃতবাসে ছিলেন। তিনি নিজেও হাসপাতালে যেতে চাননি।

বাড়িতেই চিকিৎসা চলছিল।কিন্তু মঙ্গলবার রাতে আচমকাই তার শারীরিক অবস্থার অবনতি হতে শুরু করে। বুধবার সকালে তাকে ভেন্টিলেটরে দেওয়া হয়। কিন্তু চিকিৎসকদের সব প্রচেষ্টা ব্যর্থ করে চলে গেলেন কবি। বেলা সাড়ে ১১টা নাগাদ ভেন্টিলেটর খুলে নেওয়া হয়।

জীবনানন্দ পরবর্তী বাংলা কবিতার পঞ্চপাণ্ডবের একজন ছিলেন তিনি। বাকি চারজন হলেন শক্তি-সুনীল-শঙ্খ-উৎপল-বিনয়।

১৯৩২ সালে অবিভক্ত বাংলার চাঁদপুরে জন্মগ্রহণ করেন শঙ্খ ঘোষ। তার আসল নাম চিত্তপ্রিয় ঘোষ।

দিল্লি বিশ্ববিদ্যালয় এবং বিশ্বভারতীর মতো প্রতিষ্ঠানে অধ্যাপনা করেছেন তিনি। ইউনিভার্সিটি অব আইওয়ায় রাইটার্স ওয়ার্কশপেও অংশ নিয়েছিলেন। বছর দুয়েক আগে ‘মাটি’ নামের একটি কবিতায় কেন্দ্রীয় সরকারের সংশোধিত নাগরিকত্ব আইনের বিরুদ্ধেও গর্জে উঠেছিলেন তিনি।

বাংলা কবিতার জগতে শঙ্খ ঘোষের অবদান কিংবদন্তিপ্রতিম। ‘দিনগুলি রাতগুলি’, ‘বাবরের প্রার্থনা’, ‘মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে’, ‘গান্ধর্ব কবিতাগুচ্ছ’ তার উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ। রবীন্দ্র বিশেষজ্ঞ হিসেবেও তার খ্যাতি সর্বজনবিদিত।

শতাধিক সংসদ সদস্য কোভিড আক্রান্ত

কোভিড-১৯ মহামারিতে বিপর্যস্ত দেশ। রোজ হাজার হাজার মানুষ আক্রান্ত হচ্ছেন। সম্প্রতি মৃত্যুও তিন অংকে গিয়ে ঠেকেছে। করোনা আঘাত হেনেছে জাতীয় সংসদেও। চলমান সংসদের একশ’রও বেশি সদস্য করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন।

সংসদ সচিবালয় ও দলীয় সূত্রে জানা গেছে এই তথ্য।

জাতীয় সংসদ সদস্যদের মধ্যে সর্বশেষ করোনায় আক্রান্ত হয়েছেন রাজশাহীর এমপি ফজলে হোসেন বাদশা। তাকে নিয়ে মোট ১০৯ জন করোনায় আক্রান্ত। তাদের মধ্যে বেশ কয়েকজনের মৃত্যুও হয়েছে মহামারিতে।

সংশ্লিষ্ট সূত্র বলছে, গত বছরের এপ্রিল ও মে মাসে একজন করে সংসদ সদস্যের করোনা শনাক্ত হয়। এরপর জুনে এটি বেড়ে দাঁড়ায় ১৬ জনে। জুলাইয়ে ৬ ও আগস্টে ১১ জনের করোনা শনাক্ত হয়। এরপর সেপ্টেম্বর ও অক্টোবরে ৫ জন করে শনাক্ত হলেও নভেম্বরে সর্বোচ্চ ২২ জনের করোনা শনাক্ত হয় । এরপর টানা তিন মাস এটি কমতে থাকে।

ডিসেম্বরে ৮ জন, জানুয়ারিতে ৩ ও ফেব্রুয়ারিতে ৬ জন সংসদ সদস্যের করোনা শনাক্ত হয়। এ বছরের মার্চে দেশে করোনা সংক্রমণ বাড়তে শুরু করলে ১৪ জন সাংসদ আক্রান্ত হন এতে। আর চলতি মাসে ইতিমধ্যে আক্রান্ত হয়েছেন ১১ জন।

সংসদ সচিবালয় সূত্র বলছে, প্রতিটি সংসদ অধিবেশনের আগে সবার করোনা পরীক্ষা করাটা বাধ্যতামূলক। এতে দেখা গেছে, উপসর্গ ছাড়াও অনেকের করোনা শনাক্ত হয়েছে। সর্বশেষ সংসদ অধিবেশন বসে ১ এপ্রিল। এর আগে করোনা নমুনা পরীক্ষা করাতে গিয়ে বেশ কয়েকজন শনাক্ত হন।

এ ছাড়া ১৭ থেকে ২৭ মার্চ পর্যন্ত স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উপলক্ষে আয়োজিত রাষ্ট্রীয় অনুষ্ঠানে অংশ নেওয়ার আগে বাধ্যতামূলক নমুনা পরীক্ষা করাতে গিয়ে কারও কারও করোনা শনাক্ত হয়। এ অনুষ্ঠানে যোগ দিতে গত ২৫ মার্চ নমুনা

পরীক্ষা করার পর ২৬ মার্চ করোনা শনাক্তের তথ্য পান গাজীপুর-৪ আসনের সাংসদ সিমিন হোসেন রিমি।

নির্বাচনী এলাকায় নিয়মিতভাবে করোনায় আক্রান্তদের পাশে থেকে এক বছর ধরে কাজ করেছেন তিনি।

সংসদ সচিবালয় সূত্রে জানা গেছে, এ পর্যন্ত অন্তত ১০৯ জন সংসদ সদস্য করোনায় আক্রান্ত হয়েছেন। এর মধ্যে চারজন মারা গেছেন। আর মন্ত্রিসভার সদস্যদের মধ্যে আক্রান্ত হয়েছেন ১৫ সদস্য, এর মধ্যে একজন মারা গেছেন। আক্রান্তদের মধ্যে সংরক্ষিত নারী আসনের এমপি ১২ জন।

করোনায় আক্রান্ত হয়ে গত বছরের ১৩ জুন মারা যান আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য, সাবেক মন্ত্রী ও সিরাজগঞ্জ-১ আসনের এমপি মোহাম্মদ নাসিম। একই দিনে মারা যান টেকনোক্র্যাট কোটায় ধর্ম প্রতিমন্ত্রী শেখ আবদুল্লাহ। আর জুলাইয়ে মারা যান নওগাঁ-৬ আসনের এমপি ইসরাফিল আলম। সর্বশেষ ১৪ এপ্রিল মারা গেছেন আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও কুমিল্লা-৫ আসনের এমপি আবদুল মতিন খসরু। এর আগে গত মাসে মারা যান সিলেট-৩ আসনের সাংসদ মাহমুদ উস সামাদ চৌধুরী।

দেশে গত বছরের ৮ মার্চ প্রথম করোনার সংক্রমণ শনাক্তের কথা জানায় সরকার। প্রথম মৃত্যু হয় ১৮ মার্চ। আর এমপিদের মধ্যে প্রথম করোনায় সংক্রমিত হন নওগাঁ-২ আসনের এমপি হুইপ শহীদুজ্জামান সরকার।

সব রের্কড ভেঙে ভারতে একদিনে ২ হাজারের বেশি মৃত্যু

ভারতে লাফিয়ে লাফিয়ে বাড়ছে করোনাভাইরাসের সংক্রমণ ও মৃত্যু। গত ২৪ ঘণ্টায় দেশটিতে ২ লাখ ৯৫ হাজার মানুষ কোভিডে আক্রান্ত হয়েছেন। একদিনে আক্রান্তের হিসাবে এই সংখ্যা শুধুমাত্র ভারতে নয় বিশ্বেও সর্বোচ্চ।

এ বছর ৮ জানুয়ারি যুক্তরাষ্ট্রে একদিনে আক্রান্ত হয়েছিলেন ২ লাখ ৮৯ হাজার ১৯৫ জন। দৈনিক সংক্রমণের নিরিখে বুধবার নতুন রের্কড গড়ল ভারত।

দৈনিক মৃত্যুর নিরিখেও দেশটিতে বুধবার তৈরি হল নতুন রের্কড। দেশে এই প্রথম একদিনে মৃত্যু ২ হাজার ছাড়িয়ে গেল। গত ২৪ ঘণ্টায় দেশে মৃত্যু হয়েছে ২ হাজার ২৩ জনের। করোনাভাইরাসের ছোবলে দেশে এখনও অবধি প্রাণ হারিয়েছেন ১ লাখ ৮২ হাজার ৫৫৩ জন। সূত্র: আনন্দবাজার

মেহেরপুরে ব্যবসা প্রতিষ্ঠান খুলে দেওয়ার দাবিতে ব্যবসায়ীদের বিক্ষোভ

স্বাস্থ্যবিধি মেনে ব্যবসা প্রতিষ্ঠান খুলে দেওয়ার দাবিতে মেহেরপুরে বড় বাজার ও হে◌াটেল বাজারে বিক্ষোভ করেছেন ব্যবসায়ীরা।

মঙ্গলবার সকাল ১১ টার দিকে বড়বাজারে এবং দুপুরের দিকে হোটেল বাজারে একই দাবিতে বিক্ষোভ কর্মসূচি অনুষ্ঠিত হয়।
এ সময় ব্যবসায়ীরা জানান, এর আগের ২০২০ সালে করোনা ভাইরাস বাড়ার কারণে ঈদে লকডাউনে মেহেরপুর জেলার সকল ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হয়েছেন।

তারা স্বাস্থ্যবিধি মেনে ব্যবসা পরিচালনা করার কথা বলেন এবং অবিলম্বে লকডাউন প্রত্যাহার করে ব্যবসা প্রতিষ্ঠান খুলে দেওয়ার দাবি জানান।

লকডাউন শুধু প্রধান সড়ক কেন্দ্রিক হাওয়াই ব্যবসায়ীদের মধ্যে ক্ষোভ বিরাজ করতে থাকে পবিত্র রমজান মাসের প্রথম দিন থেকে লকডাউন শুরু হওয়ায় মঙ্গলবার সকালের দিকে ব্যবসায়ীদের মধ্যে ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটাতে শুরু করে।

সকালের দিকে পুলিশ বাহিনীর সদস্যরা নিয়মিত টহল শুরু করলে

বড়বাজার এলাকার সকল ব্যবসায়ীরা একত্রিত হয়ে বিক্ষোভ প্রদর্শন শুরু করে।

এ সময় মেহেরপুর ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দীপু বলেন, আমরা লক্ষ্য করে দেখি সকল ব্যবসা প্রতিষ্ঠান খোলা আছে। কেবল মাএ হাতে গোনা ৫-৬ টা ব্যবসা বন্ধ আছে।
তিনি আরো বলেন সকল ব্যবসায়ী গণ মাহে রমজানকে কেন্দ্য করে ব্যবসায়ীরা তাদের জমি বিক্রি করে টাকা ব্যবসা দিয়েছে।

তিনি বলেন, গত বছরে এ সময়ে ব্যবসায় অনেক ক্ষতি হয়েছে এবারো একই অবস্থা বিরাজ করছে ব্যবসায় । গত বছেরে ব্যবসায়ীরা কোন সাহায়্য সহযোগিতা পায়নী সরকার থেকে । এক দিকে করোনা এক দিকে পেটের ক্ষুধা ঠিক মাঝে অবস্থান করছি আমরা । এই ভাবে চলতে থাকলে সকল ব্যবসায়ীকে রাস্তায় বসতে হবে।
আমরা মনে করি সরকার সঠিক সিদ্ধান্ত নিবে, যদি না নেওয়া হয় তা হলে আমাদের রাস্তায় নামতে হবে।
তাই আমরা আগামীকাল ২১ এপ্রিল পর্যন্ত সরকার ঘোষিত লকডাউন দেখার পর পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।
প্রসঙ্গত, করোনাভাইরাস প্রতিরোধে সরকার আগামী ২১ এপ্রিল পর্যন্ত লকডাউন ঘোষণা করেন । এই লকডাউন চলাকালেই সরকার আরো এক সপ্তাহ লকডাউন বাড়ানোর ঘোষণা দেন।

লকডাউন চলাকালে মেহেরপুর শহরের প্রধান সড়কে আইন শৃঙ্খলা রক্ষা বাহিনীর সদস্যরা কঠোর হলেও কাঁচা বাজার থেকে শুরু করে মেহেরপুরের প্রতিটি গ্রাম গঞ্জে লকডাউন কি জিনিস সাধারণ মানুষের মধ্যে তা খুঁজে পাওয়া যায়নি।

লকডাউন শুধু প্রধান সড়ক কেন্দ্রিক হাওয়াই ব্যবসায়ীদের মধ্যে ক্ষোভ বিরাজ করতে থাকে পবিত্র রমজান মাসের প্রথম দিন থেকে লকডাউন শুরু হওয়ায় মঙ্গলবার সকালের দিকে ব্যবসায়ীদের মধ্যে ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটাতে শুরু করে।

সকালের দিকে পুলিশ বাহিনীর সদস্যরা নিয়মিত টহল শুরু করলে বড়বাজার এলাকার সকল ব্যবসায়ীরা একত্রিত হয়ে বিক্ষোভ প্রদর্শন শুরু করে।

মেহেরপুরে আরও দুই জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও দুই জন করোনায় আক্রান্ত হয়েছেন। তারা সকলেই সদরে বাসিন্দা।

আজ সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৪ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে দুই জনের। আর নেগেটিভ আসে ১২ জনের। নমুনা পাঠানো হয়েছে ২১ টি।

সূত্রে আরো জানা যায়, সর্বমোট ফলাফল এসেছে ৬৪২৪ টি, সর্বমোট পজিটিভ ৮৮৯ জন, সুস্থ ৭৬০ জন, মৃত্যু ১৮ জন ও ট্রান্সফার্ড ৬৪ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা ৪৫ টি (সদরে ১৭ গাংনীতে ১৯মুজিবনগরে ০৯)। ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা- ১১৯ জন।

ভিন্ন সূরে পাওয়া পজিটিভদের পরিচয়- মেহেরপুরের হরিরামপুরের ইসরাফিল হোসেন (২৯) ও শুভরাজপুরের আলিহিম মোল্লাহ (৬৫)।

করোনায় সব রেকর্ড ভেঙ্গে ১১২ জনের মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় করোনায় মৃত্যু হয়েছে আরও ১১২ জনের। এটি দেশে এখন পর্যন্ত একদিনে সর্বোচ্চ সংখ্যক মৃত্যুর রেকর্ড। এর আগে গত ১৬ ও ১৭ এপ্রিল করোনায় ১০১ জন করে মারা যান। আর ১৮ এপ্রিল করোনায় মারা যান ১০২ জন। এ নিয়ে দেশে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১০ হাজার ৪৯৭ জন।

সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের প্রেস বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা গেছে।

গত চব্বিশ ঘণ্টায় নতুন শনাক্ত হয়েছে ৪ হাজার ২৭১ জন। এ নিয়ে মোট শনাক্ত হয়েছেন ৭ লাখ ২৩ হাজার ২২১ জন।

প্রেস বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, এদিন সুস্থ হয়েছেন আরও ৬ হাজার ৩৬৪ জন। এ পর্যন্ত মোট সুস্থ হয়েছেন ৬ লাখ ২১ হাজার ৩০০ জন।

গত ২৪ ঘণ্টায় রোগী শনাক্তের হার ১৭ দশমিক ৬৮ শতাংশ। আর এখন পর্যন্ত শনাক্তের হার ১৩ দশমিক ৯২ শতাংশ। শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৮৫ দশমিক ৯১ শতাংশ। শনাক্ত বিবেচনায় মৃত্যুর হার এক দশমিক ৪৫ শতাংশ।